# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**22 OCTOBER 2025** **7:45—7:55 PM**

---

(১) উদ্যমিতা অভিযানের দ্বারা মহিলাদের সবলীকরণের মাধ্যমে রাজ্যের গ্রামীণ অর্থনীতি সুদৃঢ় হবে বলে নগাঁওতে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ/

(২) উদ্যমিতা অভিযানে অংশ নিতে মুখ্যমন্ত্রীর আগামী শুক্রবার থেকে দুদিনের বরাক উপত্যকা সফর/

(৩) আসামে যক্ষ্মা রোগ নির্মূলকরণ কার্যসূচীতে ৯০ শতাংশ সাফল্য লাভ করা গেছে বলে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্যের প্রকাশ/

এবং

(৪) বড়পেটা জেলা দায়রা বিচারপতির আদালত ঋষভ দাস নামের এক দোষীকে হত্যার মামলায় মৃত্যুদন্ডের রায়/

--------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ নগাঁও জেলায় মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযান'এর অধীনে জেলার আত্মসহায়ক গোষ্ঠীগুলির ২৫ হাজারেরও বেশি মহিলার প্রত্যেককে দশ হাজার টাকার চেক বিতরণ করা হয়েছে । এরমধ্যে গ্রামাঞ্চলের ১৯ হাজার ৬২৮ জন এবং শহরাঞ্চলের ছ'হাজার ৯৫৭ জন মহিলা রয়েছেন । এই উপলক্ষে নগাঁও শহরের নেহরুবালিতে এক জনসভায় ভাষণ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন যে- প্রথম পর্যায়ে প্রদান করা এই মূলধন রাজ্যে মহিলা নেতৃত্বাধীন বিকাশের পথ প্রশস্ত করবে ।

উল্লেখ্য- এই অভিযানের মাধ্যমে কৃষি, পশুপালন, হস্ততাঁত এব্য হস্তশিল্পকে প্রধান বিষয় হিসেবে নিয়ে বিভিন্ন ক্ষেত্রে মহিলা উদ্যোগীদের বিকাশের মাধ্যমে গ্রামীণ অর্থনীতি সুদৃঢ় হবে বলে ডঃ শর্মা জানিয়েছেন ।

পরে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে আসন্ন রাজ্য বিধানসভার অধিবেশনে বেশকয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করা হবে বলে উল্লেখ করেছেন । তিনি বলেন যে- সত্রের সংরক্ষণ, বহুবিবাহের বিরুদ্ধে আইন, চা বাগানের শ্রমিকদের জমির পাট্টা প্রদান ইত্যাদি বহু গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আগামী বিধানসভা অধিবেশনে আলোচনা করা হবে ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আগামী শুক্রবার দুদিনের বরাক উপত্যকা সফরে আসছেন ।মুখ্যমন্ত্রী আগামী শুক্রবার বেলা ১১ টায় প্রথমে রামকৃষ্ণ নগরে পৌঁছে মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে আত্মসহায়ক গোষ্ঠির মহিলাদের মধ্যে চেক বিতরণ করবেন । এরপর বেলা একটায় তিনি শিলচর এসে পুলিশ প্যারেড গ্রাউন্ডে চেক বিতরণ অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন । মুখ্যমন্ত্রী ঐদিন বিকেল সাড়ে চারটেয় শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে প্রস্তাবিত ২০০ শয্যার সুপার স্পেশালিটি হাসপাতালের ভিত্তিপ্রস্থর স্থাপন করবেন ।এরপর সন্ধ্যা ৫ টা ১৫ মিনিটে তিনি শিলচর লোকসভা কেন্দ্রের অন্তর্গত বিজেপির বুথ লেভেল সভাপতি ও শক্তিকেন্দ্রগুলির এক সভায় অংশগ্রহণ করবেন ।মুখ্যমন্ত্রী ডঃ শর্মা আগামী শনিবার সকাল ১০ টায় বিন্নাকান্দি মন্ডল বিজেপি কার্যালয় এবং ১০ টা ৪০ মিনিটে লক্ষীপুর মন্ডল বিজেপি কার্যালয় উদ্বোধন করবেন ।এরপর বেলা ১১ টা ৪৫ মিনিটে তিনি লাবক চাবাগানের মাঠে মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে মহিলাদের মধ্যে চেক বিতরণ করবেন ।মুখ্যমন্ত্রী শনিবার বিকেলে গৌহাটী ফিরে যাওয়ার কথা রয়েছে ।

---

যক্ষামুক্ত ভারত নির্মাণ করার লক্ষ্যে রাজ্যপাল লক্ষ্মন প্রসাদ আচার্য নিক্ষয়মিত্র কার্যসূচির অধীনে আজ রাজভবনে আয়োজিত এক বিশেষ অনুষ্ঠানে কামরূপ মহানগর এবং নওগাঁও জেলার ১০০ জন যক্ষা রোগীর চিকিৎসার দায়িত্ব গ্রহণ করেন ।রাজ্যপাল শ্রী আচার্য স্বাস্থ্যসেবার উন্নয়নের ক্ষেত্রে সামগ্রিক অংশগ্রহণের উপর গুরুত্ব আরোপ করে বলেন যে দেশের জনস্বাস্থ্যের ক্ষেত্রে যক্ষা এখনও এক বড় প্রত্যাহ্বান ।সামগ্রিক প্রয়াস , সহানুভুতি , এবং বহনক্ষম অংশীদারিত্বের মাধ্যমে এই সমস্যার সমাধান করে দেশকে যক্ষামুক্ত করা সম্ভব বলে তিনি উল্লেখ করেন ।তিনি বলেন যে ১০০ জন যক্ষা রোগীর চিকিৎসার দায়িত্ব গ্রহণ করা ব্যক্তিগত দায়িত্ব এবং দায়বদ্ধতা

। আসাম যক্ষা রোগ নির্মূলের ক্ষেত্রে ৯০ শতাংশ সাফল্য লাভ করে দেশের মধ্যে উল্লেখযোগ্য স্থান লাভ করেছে বলেও তিনি জানান ।

---------------------------------------------------------------------------------------------

জনতার শিল্পী জুবিন গর্গকে আদালতের মাধ্যমে ন্যায় প্রদান করার জন্য রাজ্য ও কেন্দ্রে ক্ষমতাসীন বিজেপি দল রাজ্যজুড়ে ন্যায় যাত্রা আরম্ভ করেছে । এর অংশ হিসেবে বিজেপি আজ নলবাড়ীর শহীদ মুকুন্দ কাকতি খেলার মাঠ থেকে গর্ডন খেলার মাঠ পর্যন্ত এক শোভাযাত্রা বের করেছে । এই যাত্রায় বিজেপির রাজ্য সভাপতি দিলীপ শইকিয়া, কেন্দ্রীয় মন্ত্রী পবিত্র মার্ঘেরিটা, রাজ্যের দুই মন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারি এবং জয়ন্তমল্ল বড়ুয়া অংশগ্রহণ করেন । শ্রী শইকিয়া জুবিন গর্গের রহস্যজনক মৃত্যুর বিচারবিভাগীয় তদন্ত দ্রুততর করা সহ কোনো দোষি ব্যক্তি যাতে ছাড় না পায়, তারজন্য শক্তিশালী অভিযোগনামা দাখিল করতে আসাম পুলিশের বিশেষ তদন্তকারীদলকে আহ্বান জানিয়েছেন । কেন্দ্রীয় মন্ত্রী শ্রী মার্ঘেরিটা ফাস্টট্র্যাক কোর্ট গঠন করে দ্রুততার সঙ্গে তদন্ত চালিয়ে দোষীদের উপযুক্ত শাস্তি প্রদান করে জুবিন গর্গকে ন্যায় প্রদান করার আহ্বান জানান । উল্লেখ্য- এই দলটি আগামী ৩০শে অক্টোবর পর্যন্ত প্রত্যেক জেলার সদর শহরে এই ন্যায় যাত্রা বের করবে ।

---------------------------------------------------------------------------------------------

নৌসেনা বাহিনীর কমান্ডারদের দ্বিবার্ষিক সম্মেলন আজ নতুনদিল্লিতে আরম্ভ হয়েছে । অপারেশন সিন্দুর এবং নৌসেনা বাহিনীর অভিযান তথা যুদ্ধ প্রতিরোধ প্রস্তুতির জন্য এই সম্মেলন বেশি গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে । এই সম্মেলন দেশের নেতৃবর্গ এবং আধিকারিকদের মধ্যে মতবিনিময় মঞ্চ হিসেবে কাজ করে এবং সাম্প্রতিক স্থুল-রণনীতি প্রেক্ষাপটে বহুমুখী প্রত্যাহ্বান দূর করার বিষয়ে নৌসেনা বাহিনীর দৃষ্টিভঙ্গী সুদৃঢ় করে তোলে । এই সম্মেলনে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং ভাষণ দেবেন এবং বৃহত্তর স্বার্থ ও ২০৪৭ সালের মধ্যে ভারতবর্ষকে উন্নত রাষ্ট্র হিসেবে গড়ে তোলার দৃষ্টিভঙ্গীর গুরুত্বের বিষয়ে বিশ্লেষণ করবেন। দেশের চিফ অব ডিফেন্স স্টাফ এবং বায়ুসেনা বাহিনীর প্রধান-ও এই সম্মেলনে ভাষণ দেবেন ।

---------------------------------------------------------------------------------------------

বড়পেটা জেলা দায়রা জজের আদালতে আজ হত্যার মামলায় দোষী সাব্যস্ত ঋষভ দাস নামে এক ব্যক্তিকে মৃত্যুদন্ডে দন্ডিত করা হয়েছে । বড়পেটা শহরের গান্ধীনগর নিবাসী ঋষভ দাসের বিরুদ্ধে ২০২৩ সালের ১৩ই অক্টোবর তার স্ত্রী ও কন্যাকে হত্যার মামলা দায়ের করা হয়েছিল । পুলিশ গতবছরের শুরুতে এই মামলার অভিযোগনামা দাখিল করে । বাদী ও বিবাদী পক্ষের সাক্ষ্য গ্রহণের পর আদালত গত ১৬ই অক্টোবর ঋষভ

দাসকে দোষী সাব্যস্ত করলেও তার শাস্তি ঘোষণা সংরক্ষিত রেখেছিল । আজ দায়রা আদালতের বিচারপতি দীপক ঠাকুরিয়ার বিচারপীঠ দোষীকে মৃত্যুদন্ডে দন্ডিত করেছে । উল্লেখ্য- বড়পেটা জেলা গঠনের পর এটিই হচ্ছে মৃত্যুদন্ড ঘোষণা করা প্রথম রায় । এই বিষয়ে মামলাটির সরকারী আইনজীবি খিতাপ ভূষণ দাস বলেন--

#বাইট#

---------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ আগামী বছর অনুষ্ঠেয় মাধ্যমিক পরীক্ষা স্বচ্ছ এবং সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য রাজ্যের বিভিন্ন স্থানে পরীক্ষা কেন্দ্র কমিটি গঠন করার নির্দেশ জারি করেছে । এই নির্দেশ অনুযায়ি প্রতিটি পরীক্ষা কেন্দ্রের দায়িত্বে থাকা আধিকারীক কে আগামী ৩১ শে অক্টোবরের পূর্বে কমিটি গঠন করার জন্য সাধারণ সভা আহ্বান করতে হবে । এই সভায় সমাজের বিভিন্ন শ্রেণীর লোকেদের উপস্থিত থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে ।পরীক্ষার্থীদের অভিভাবক , শিক্ষাবিদ , বিদ্যালয় পরিচালন কমিটির সদস্য , পুলিশ আধিকারীক সহ কম করেও ৫০ জন লোক সভায় উপস্থিত থাকতে হবে বলে নির্দেশে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

অরুণাচল প্রদেশের নামসাইর ছয়মাইলে সেনাবাহিনী এবং আলফা স্বাধিন উগ্রপন্থী সংগঠনের মধ্যে সংঘর্ষে আজ একজন উগ্রপন্থী নিহত হয়েছে । এদিকে সেনাবাহিনী গতকাল ভোরে অরুণাচল প্রদেশের ভারত - মায়ানমার সীমান্তে এন এস সি এন কে ( ওয়াই এ ) শিবিরে ড্রোন আক্রমণ চালায় । এই আক্রমণে এন এস সি এন কে গোষ্ঠির ৮ জন কেডার নিহত হয়েছে বলে জানা গেছে । উল্লেখ্য এন এস সি এন কে গত ১৬ অক্টোবর আসাম রাইফেলসের শিবিরে হামলা চালিয়েছিল ।

---------------------------------------------------------------------------------

ভাষা শহীদ সুদেষ্ণা সিনহার স্মৃতিকে স্মরণীয় করে রাখতে রাজ্যের মন্ত্রী কৃষ্ণেন্দু পালের উদ্যোগে আজ শহীদ সুদেষ্ণা সিনহার জন্ম ভিটে কচুবাড়ীতে শহীদ সুদেষ্ণা স্টাডি কাম লাইব্রেরীর ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছে । মন্ত্রী শ্রীপালের প্রতিনিধি শশীবাবু সিনহা ১০ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত স্টাডি কাম লাইব্রেরীর কাজের সূচনা করেন । উল্লেখ্য ১৯৯৬ সালের ১৬ই মার্চ কলকলীঘাট রেল স্টেশন সংলগ্ন বিলবাড়ী এলাকায় বিষ্ণুপ্রীয়া মণিপুরী ভাষার স্বীকৃতির দাবীতে সুদেষ্ণা সিনহা শহীদ হয়েছিলেন ।